

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১০৩২

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৭০- যে ব্যক্তি খালৃক (যাফরান মিশ্রিত খোশবু) ব্যবহারকারী ও পাপাচারীকে সালাম দেয় না।

بَابُ مَنْ تَرَكَ السَّلامَ عَلَى الْمُتَخَلِّقِ وَأَصنْحَابِ الْمَعَاصِي

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثِنِي اللَّيْثُ، عَنْ عَمْرٍ هُوَ ابْنُ الْحَارِثِ، عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ، عَنْ أَبِي النَّجِيبِ، عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: أَقْبَلَ رَجُلٌ مِنَ الْبَحْرَيْنِ إِلَى النَّبِيِ صلى الله عليه وسلم فَسَلَّمَ عَلَيْهِ، فَلَمْ يَرُدَّ، وَفِي يَدِهِ خَاتَمٌ مِنْ ذَهَبٍ، وَعَلَيْهِ جُبَّةُ حَرِيرٍ، الله عليه فَانْطَلَقَ الرَّجُلُ مَحْزُونًا، فَشَكَا إِلَى امْرَأَتِهِ، فَقَالَتْ: لَعَلَّ بِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَجِبَّتَكَ وَخَاتَمَكَ، فَأَلْقِهِمَا ثُمَّ عُدْ، فَفَعَلَ، فَرَدَّ السَّلاَمَ، فَقَالَ: جِبُّتُكَ آنِفًا فَأَعْرَضْتَ وَسلم وَجِبَّتَكَ وَخَاتَمَكَ، فَأَلْقِهِمَا ثُمَّ عُدْ، فَفَعَلَ، فَرَدَّ السَّلاَمَ، فَقَالَ: جِبُّتُكَ آنِفًا فَأَعْرَضْتَ عَنِي؟ قَالَ: كَانَ فِي يَدِكَ جَمْرٌ مِنْ نَارٍ، فَقَالَ: لَقَدْ جِبْتُ إِذًا بِجَمْرٍ كَثِيرٍ، قَالَ: إِنَّ مَا جِبِّتَكَ بِهِ لَيْسَ بِأَجْزَأً عَنَّا مِنْ حَجَارَةِ الْحَرَّةِ، وَلَكِنَّهُ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا، قَالَ: فَبِمَاذَا جَبُّتَ بِهِ لَيْسَ بِأَجْزَأً عَنَّا مِنْ وَرِقٍ، أَوْ صَفْرٍ، أَوْ حَدِيدٍ.

বাংলা

১০৩২। আবু সাঈদ (রাঃ) বলেন, বাহরাইন থেকে এক ব্যক্তি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলো। সে তাকে সালাম দিলো কিন্তু জবাব তিনি দেননি। তার হাতে ছিল সোনার আংটি এবং তার পরনে ছিল একটি রেশমী জুব্বা। লোকটি বিষন্ন মনে ফিরে গিয়ে ঘটনাটি তার স্ত্রীকে জানালো। তার স্ত্রী বললো, হয়তো তোমার এই জুব্বা ও সোনার আংটির কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এরূপ করে থাকবেন। সে এই দু'টি ফেলে দিয়ে পুনরায় ফিরে এসে তাঁকে সালাম দিলো। তিনি তার সালামের জবাব দিলেন। সে বললো, কিছুক্ষণ আগে আমি আপনার নিকট এসেছিলাম। তখন আপনি আমাকে উপেক্ষা করেছেন। তিনি বললেঃ তখন তোমার হাতে দোযখের জ্বলন্ত অঙ্গার ছিল। সে বললো, তাহলে তো আমি অনেক অঙ্গারই সঞ্চয় করেছি। তিনি বলেনঃ তুমি তো তাই নিয়ে এসেছিলে। কারো কাছে হাররা প্রান্তরের পাথরের চেয়ে অধিক পরিমাণ সম্পদ থাকলেও তা তো পার্থিব জীবনের সম্পদই। সে বললো, তাহলে আমি কিসের আংটি বানাবো? তিনি বলেনঃ রূপা, পিতল বা লোহা দ্বারা। (নাসাঈ, আহমাদ)



English

Abu Sa'id said, "A man came from al-Bahrayn to the Prophet, may Allah bless him and grant him peace, and greeted him, but the Prophet did not answer him. The man was wearing a gold ring and a silk robe. The man went away in sorrow. He complained to his wife and she said, 'Perhaps the Messenger of Allah objects to your robe and your ring. Throw them away and then go back.; he did that and then the Prophet returned his greeting. he said, 'I came to you yesterday and you turned away from me.' He said, 'You had a coal of the Fire on your hand.' He said, 'I came then with any coals.' He said, 'As for what you brought, there is no one who is free from dependence on these stones. But it is the enjoyment of the life of this world.' He said, 'What should I make a ring from?' 'From silver, brass, or iron,' he replied.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন